DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) । তৈরি: 13 Sep 2026, 04:37 PM

খেলা

# ডারউইন টেস্টে ইতিহাস গড়তে বাংলাদেশের দরকার ৫৭ রান

প্রতিবেদক: ক্রীড়া প্রতিবেদক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

অস্ট্রেলিয়ার মাটিতে ইতিহাস গড়ার হাতছানি বাংলাদেশের সামনে। ডারউইন টেস্টে স্বাগতিক অস্ট্রেলিয়াকে দ্বিতীয় ইনিংসে ২৮৪ রানে অলআউট করে জয়ের জন্য ৫৭ রানের লক্ষ্য পেয়েছে বাংলাদেশ।

এর আগে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংসের ১৯৮ রানের জবাবে বাংলাদেশ ৪২৬ রান করে। ফলে প্রথম ইনিংসে ২২৮ রানের লিড নেয় সফরকারীরা। দ্বিতীয় ইনিংসে সেই লিড পেরিয়ে অস্ট্রেলিয়া ২৮৪ রান করায় বাংলাদেশের সামনে জয়ের লক্ষ্য দাঁড়ায় ৫৭ রান।

অস্ট্রেলিয়ার দ্বিতীয় ইনিংসে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছিলেন ক্যামেরন গ্রিন। একপ্রান্ত আগলে রেখে ২০১ বলে ৪টি চার ও একটি ছক্কায় ১০৪ রানের লড়াকু ইনিংস খেলেন তিনি। তবে গ্রিনকে ফিরিয়ে অস্ট্রেলিয়ার জয়ের সম্ভাবনা কার্যত শেষ করে দেন হাসান মাহমুদ। চতুর্থ দিন প্রথমবার বল হাতে নিয়েই গুরুত্বপূর্ণ এই উইকেটটি তুলে নেন তিনি।

প্রথম ইনিংসে ৬ উইকেট নেওয়া হাসান দ্বিতীয় ইনিংসে পান আরও ৩ উইকেট। ফলে ম্যাচে তার শিকার দাঁড়িয়েছে ৯ উইকেটে।

গ্রিনের বিদায়ের পর মেহেদী হাসান মিরাজ অস্ট্রেলিয়ার শেষ ব্যাটার নাথান লায়নকে এলবিডব্লিউ করে ইনিংসের সমাপ্তি টানেন। দ্বিতীয় ইনিংসে মিরাজ নেন ৫ উইকেট। অস্ট্রেলিয়া ২৭৮ রানে নবম উইকেট হারানোর পর আর মাত্র ৬ রান যোগ করতে পারে।

চতুর্থ দিন লাঞ্চের আগে থেকেই অস্ট্রেলিয়ার ব্যাটিংয়ে ধস নামাতে শুরু করে বাংলাদেশ। মিরাজ একে একে অ্যালেক্স ক্যারি, বেউ ওয়েবস্টার ও প্যাট কামিন্সকে ফিরিয়ে স্বাগতিকদের চাপে ফেলেন। তবে গ্রিন ও মিচেল স্টার্কের জুটিতে অস্ট্রেলিয়া সাময়িকভাবে ঘুরে দাঁড়ায়।

লাঞ্চের পর তাসকিন আহমেদের বলে লিটন দাসের হাতে ক্যাচ দিয়ে ৩৪ বলে ১৮ রান করে ফেরেন স্টার্ক। গ্রিনের সঙ্গে তার ৪৩ রানের জুটি অস্ট্রেলিয়াকে লিড নেওয়ার সুযোগ করে দিয়েছিল।

এর আগে ৯৫ রানে জীবন পান গ্রিন। তাসকিন আহমেদের বলে ক্যাচ ছাড়ার পর সুযোগটি কাজে লাগিয়ে শতক পূর্ণ করেন এই অজি ব্যাটার। তবে শতকের পর বেশিক্ষণ টিকতে পারেননি তিনি।

চতুর্থ দিনের শুরুতে ৪ উইকেটে ১৬১ রান নিয়ে ব্যাট করতে নামে অস্ট্রেলিয়া। দিনের সপ্তম ওভারে অ্যালেক্স ক্যারিকে ফিরিয়ে গ্রিনের সঙ্গে তার ৫৬ রানের জুটি ভাঙেন মিরাজ। ক্যারি ৭২ বলে ৩০ রান করেন। এরপর বেউ ওয়েবস্টারকে ৫ রানে বোল্ড করেন মিরাজ। প্যাট কামিন্সও মাত্র ৮ রান করে সাদমান ইসলামের ক্যাচ হন।

এক পর্যায়ে অস্ট্রেলিয়ার ৭ উইকেট পড়ে ২০৭ রানে। তখনও বাংলাদেশের প্রথম ইনিংসের লিড থেকে ২১ রান পিছিয়ে ছিল স্বাগতিকরা। পরে গ্রিন ও স্টার্কের ব্যাটে লিড নেওয়ার পরও শেষ পর্যন্ত ২৮৪ রানে থামে অস্ট্রেলিয়ার দ্বিতীয় ইনিংস।

এখন বাংলাদেশের সামনে লক্ষ্য মাত্র ৫৭ রান। এই রান পেরোতে পারলেই অস্ট্রেলিয়ার মাটিতে ঐতিহাসিক টেস্ট জয় পাবে বাংলাদেশ।

---

## এ বিভাগের আরও খবর




**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**

নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...




### জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...




### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




### তিন ইনিংসে তিন ডাক লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/daruin-teste-itihas-grte-bangladesher-drkar-57-ran